# ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

## মূলমন্ত্র(Motto)

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর কর্মকান্ড সুষ্ঠভাবে পরিচালনার জন্য তিনটি আদর্শবানী বা মুলমন্ত্রকে অনুসরন করে

যথা: ১) গতি ০২) সেবা এবং ০৩) ত্যাগ

| রুপকল্প (Vision) | অভিলক্ষ্য (Mission) |
|---|---|
| অগ্নিকান্ডসহ সকল দুর্যোগ মোকাবেলা ও নাগরিক সুরক্ষা নিশ্চিত করনের মাধ্যমে এশিয়ার অন্যতম শ্রেষ্ঠ প্রতিষ্ঠান হিসাবে সক্ষমতা অর্জন (To acquire competency as one of the leading fire fighting and disaster management organization in asia".) | দুর্যোগ দুর্ঘটনায় জীবন ও সম্পদ রক্ষার মাধ্যমে নিরাপদ বাংলাদেশ গড়ে তোলা (" To protect and save lives and property for a safe and secured Bangladesh") |

# সিটিজেন চাটার

### অগ্নিকান্ড বা দুর্ঘটনার উদ্ধার ও আহত সেবা পাবার উপায়:

০১। দুর্ঘটনার সাথে সাথে নিকটস্থ ফায়ার স্টেশন বা কেন্দ্রিয় নিয়ন্ত্রন কক্ষে দুর্ঘটনার সংবাদ প্রদান করতে হবে।
০২। সংবাদ প্রাপ্তির সাথে সাথে ফায়ার কর্মীগন সাজসরাঞ্জামাদিসহ দুর্ঘটনাস্থলে গমন করেন।
০৩। যেকোন দুর্যোগে ১৬১৬৩ ডায়াল করলেই এই সেবা পাওয়া যায়। এছাড়া নিকটস্থ ফায়ার স্টেশনের নম্বর সংগ্রহ করুন।
০৪। জরুরী সেবা ৯৯৯ ডায়াল করলেই পাওয়া যাবে।
০৫। উল্লেখিত সেবা সংক্রান্ত কোন অভিযোগ থাকলে নিম্নলিখিত নম্বরে যোগাযোগ করুন।

| | |
|---|---|
| উপ-পরিচালক, ঢাকা বিভাগ,ঢাকা | ০২২২৩৩৮৯৫৪৫ |
| উপ-পরিচালক, রংপুর বিভাগ,রংপুর | ০২৫৮৯৯৬২২২৪ |
| উপ-পরিচালক, চট্রগ্রাম বিভাগ,চট্রগ্রাম | ০৩১৭১৩২৯৩ |
| উপ-পরিচালক, রাজশাহী বিভাগ,রাজশাহী | ০৭২১৭৭২১৫৭ |
| উপ-পরিচালক, বরিশাল বিভাগ,বরিশাল | ০৪৩১২১৭৩১৩৬ |
| উপ-পরিচালক, খুলনা বিভাগ,খুলনা | ০২৫৭৭৭০০৫৮২ |
| উপ-পরিচালক, সিলেট বিভাগ ,সিলেট | ০২৯৯৮৬৫৩৩৯২ |
| উপ-পরিচালক, ময়মমনসিংহ বিভাগ,ময়মনসিংহ | ০৯১৬৫৯৯৯ |

### বহুতল বানিজ্যিক ভবনের ছাড়পত্র:

০১। অগ্নিপ্রতিরোধ নির্বাপন আইন -২০০৩ এর ৭ ধারা অনুসারে অনুর্ধ ৭তলা ভবনের বা বানিজ্যিক ভবনের অগ্নি প্রতিরোধ মূলক ছাড়পত্র প্রদান করা হয়।
০২। স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে বা সরাসরি মহাপরিচালকের বরাবর সংশ্লিস্ট ব্যাক্তি বা প্রতিষ্টান বরাবর আবেদন করবেন।
০৩। আবেদনের সাথে ভবনের নকসা বা দলিল প্রদান করবেন।
০৪। অত:পর অত্র অধিদপ্তর কর্তৃক মনোনিত পরিদর্শক ০৭(সাত) কার্যদিবসের মধ্যে সংশ্লিস্ট ভবন পরিদর্শন করবেন।
০৫। পরিদর্শনের পর অগ্নিপ্রতিরোধ মূলক পরামর্শ প্রদান করা হয়।
০৬। পরামর্শ মোতাবেক কার্যপর ব্যবস্থা গ্রহন করলে সর্তসাপেক্ষ্যে পরবর্তী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে ছাড়পত্র প্রদান করা হয়।
০৭। পরিদর্শন যুক্তিসংগত কারনে সন্তোষজনক না হলে ভবন ব্যবহারের অনুপোযোগী মর্মে মহাপরিচালক ঘোষনা করতে পারেন।
০৮। ভবন ব্যবহারের অনুপোযোগী ঘোষনার কারনে কোন ব্যাক্তি সংক্ষুদ্ধ হলে তিনি উক্তরুপ ঘোষনার ৩০ দিনের মধ্যে সরকারের নিকট আপিল করতে পারবেন।
০৯। উক্ত আপিল প্রাপ্তির ৬০ দিনের মধ্যে সরকার চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহন করবেন।

### ফায়ার লাইসেন্স( অগ্নি-দুর্ঘটনা প্রতিরোধমুলক পরামর্শ সেবা) পাবার উপায়:

০১। স্থানীয় উপ-সহকারী পরিচালক, বরাবর ফায়ার সার্ভিসের নির্ধারিত ফরম পূরন পূর্বক নিম্ন বর্নিত কাগজপত্রসহ আবেদন করতে হবে।
ক) ট্রেড লাইসেন্স
খ) প্রতিষ্টানের নিজস্ব ভবনে ব্যবসা পরিচালনা হলে পৌরসভা কর্তৃক প্রতিষ্ঠানের স্থাবর/অস্থাবর সম্পত্তির বার্ষিক মূল্যায়ন পত্র।
গ) ভাড়া বাড়ীতে ব্যবসা হলে ভাড়ার চুক্তিপত্র।
ঘ) রাজুউক/পৌরসভা কর্তৃক অনুমোদিত স্থাপনার নকসা।
ঙ) প্রতিষ্ঠানটি লিমিটেড কোম্পানী হলে Memorandum of Articles (Certificate of Incorporation)
চ) প্রতিষ্ঠান সংক্রান্ত স্থানীয় প্রতিনিধি কর্তৃক অনাপত্তি সনদ।
ছ) বহুতল বা বানিজ্যিক ভবন হলে ফায়ার সার্ভিসের ছাড়পত্র।
জ) গার্মেন্টস প্রতিষ্ঠানের ক্ষেত্রে ফায়ার সার্ভিসের তথ্য বিবরনী।

### এ্যাম্বুলেন্স সার্ভিস:

০১। অত্র অধিদপ্তরের স্থানীয়ভাবে বা আন্ত জেলা পর্যায়ে রোগী পরিবহনের নিমিত্তে জনসাধারনের জন্য এ্যাম্বুলেন্স সার্ভিস প্রদান করা হয়ে থাকে।
০২।এ্যাম্বুলেন্স সার্ভিসের আওতায় রোগীকে বাসা হতে হাসপাতাল ও হাসপাতাল হতে বাসায় এবং দুর্ঘটনার স্থান হতে হাসপাতালে স্থানান্তর করা হয়।
০৩।এ সেবার জন্য স্থানীয় পর্যায়ে বা পৌর এলাকায় ফোনের বা বার্তাবাহকের মাধ্যমে এ্যাম্বুলেন্স কল গ্রহন করা হয়।
০৪। আন্ত জেলা পর্যায়ে বা দুরবর্তী কলের ক্ষেত্রে রোগী পরিবহনের নির্ধারিত ফরম পূরন পূর্বক পুর্ব অনুমোদন নিতে হয়।
০৫।রোগী পরিবহনের জন্য ভাড়ার হার নিম্নরুপ:

০২। আবেদন প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে অধিদপ্তর কর্তৃক নিয়োজিত পরিদর্শকের মাধ্যমে সংশ্লিস্ট প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়।
০৩।পরিদর্শনের পর অগ্নি-প্রতিরোধমূলক পরামর্শ প্রদান করা হয়।
০৪।পরমর্শ মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহন করার পর পুনরায় পরিদর্শন করা হয়।
০৫।পরিদর্শন যুক্তি সংগত ভাবে সন্তোষজনক হলে সর্বোচ্চ ৯০ দিনের মধ্যে লাইসেন্স প্রদান করা হয়।
০৬।যুক্তি সংগত কারনে লাইসেন্স প্রদানের বিষয়ে সন্তুষ্ট না হলে মহা পরিচালক লাইসেন্স আবেদন প্রাপ্তির ১২০ (একশত বিশ) দিনের মধ্যে আবেদন কারীকে শুনানীর সুযোগ প্রদান করবে।ৎ
০৭। মহা-পরিচালকের নিকট হতে ক্ষমতা প্রাপ্ত কোন কর্মকর্তার কোন সিদ্ধান্ত কোন ব্যাক্তি বা প্রতিষ্ঠান সংক্ষুদ্ধ হলে ৩০(ত্রিশ) দিনের মধ্যে বিষয়টি পুন বিবেচনার জন্য মহা-পরিচালকের নিকট আবেদন করবেন।
০৮। উক্ত আবেদন প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে মহা-পরিচালক সিদ্ধান্ত গ্রহন করবেন।
০৯। উক্ত বিষয়ে মহা-পরিচালকের সিদ্ধান্ত সংক্ষুদ্ধ ব্যাক্তি বা প্রতিষ্ঠান নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে সরকারের নিকট আপিল করতে পারবেন।
১০। আপিল প্রাপ্তির ৬০(ষাট) দিনের মধ্যে সরকার ততসম্পর্কে চুড়ান্ত সিদ্ধান্ত প্রদান করবেন।

জরুরী হটলাইন- ১৬১৬৩

ক) দেশের সকল মেট্রোপরিটন শহর এলাকাসহ সকল পৌর এলাকায় ০১ মাইল/০১ কিলোমিটার হতে ০৫ মাইল/০৮কিলোমিটার =১০০/-(একশত) টাকা ।
খ) ০৫ মাইলের উর্দ্ধে হতে ১০মাইল অথবা ০৮ কিরোমিটার হতে ১৬ কিলোমিটার পর্যন্ত প্রতিকল ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা।
গ) দুরবর্তী/আন্ত:জেলা কলের ক্ষেত্রে প্রতি কিলোমিটার ০৯(নয়) টাকা।
ঘ) এ্যাম্বুলেন্স সার্ভিসের আওতায় লাশ এবং সংক্রামক ব্যাধির রোগী বহন করা হয় না।

**এ্যাম্বুলেন্স সার্ভিসের আওতায় লাশ এবং সংক্রামক ব্যাধির রোগী পরিবহন করা হয় না অগ্নি প্রতিরোধমূলক মহড়, পরামর্শ ও প্রশিক্ষন সেবা:**

০১। উক্ত সেবা গ্রহনের জন্য স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে বা সরাসরি মহা-পরিচালক বরাবর আবেদন করতে হয়।
০২। আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট প্রতিষ্টানকে অত্র অধিদপ্তর আর্থিক সংশেষ ও অন্যান্য শর্তাবলীসহ প্যাকেজ প্রস্তাব প্রেরন করে।
০৩। সংশ্লিষ্ট প্রতিষ্টান উক্ত শর্তপালনে সম্মত হলে অত্র অধিদপ্তরের মনোনীত কর্মকর্তা সংশ্লিষ্ট প্রতিষ্টানের সহিত প্রয়োজনীয় সমন্বয়সাধন পূর্বক নিম্নলিখিত সেবা গ্রহন করে থাকে।
ক) অগ্নিপ্রতিরোধ ও নির্বাপন বিষয়ে পরামর্শ প্রদান।
খ) অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিষয়ে প্রশিক্ষন প্রদান।
গ) অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিষয়ে মহড়া পরিচালনা।

# "দুর্ঘটনা দুর্যোগে, সবার আগে সবার পাশে"